

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

বন্ধকৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

(অর্থস্থ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা অনুযায়ী)

এতদারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স লিয়া প্রপার্টিজ লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক, এরশাদুল হক, ২৮২, মোমিন রোড (৩য় তলা), জামাল খান লেইন, থানা- কোতোয়ালী, চট্টগ্রাম, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা হইতে গৃহীত খণ্ডের বিপরীতে নিম্ন তফসীলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রি কৃত বন্ধকী দলিলমূলে বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রি কৃত আমমোভার নামা দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই ইহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। খণ্ড গৃহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক অত্র ব্যাংক হইতে গৃহীত খণ্ড পরিশোধ না করায় খেলাপী খণ্ড বাবদ অত্র ব্যাংকের পাওনা ১৫-০৫-২০১৯ইং পর্যন্ত সুদাসলে ৩,৩০,৬১,৯৬০.১৯ (টাকা তিনি কোটি ত্রিশ লক্ষ একষষ্ঠি হাজার নয়শত ষাট এবং পয়সা উনিশ) টাকা সহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয় পূর্বক খণ্ড আদায়ার্থে খণ্ডের জামানত হিসাবে ১) আমির হোসাইন, ২) মোহাম্মদ হাসান আলী ও ৩) মোহাম্মদ আখতার হোসাইন, সর্ব পিতা- মরহুম আহমেদ হোসাইন শাহ, ৪) নুর জাহান বেগম, স্বামী মরহুম রমজান আলী, ৫) মোহাম্মদ ফারুক হোসাইন, ৬) মোজাম্মেল হোসাইন, ৭) শহিদুল হোসাইন, ৮) তানভির হোসাইন, সর্ব পিতা- মরহুম রমজান আলী, চেরাগী পাহাড়, জামাল খান, থানা-কোতোয়ালী, চট্টগ্রাম কর্তৃক অত্র ব্যাংকের বরাবরে বন্ধনকৃত নিম্ন তপসিলের যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণসং ঠিকানা উল্লেখপূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে:-

তফসিল

জিলা-চট্টগ্রাম, থানা-কোতোয়ালী, মৌজা-আন্দরকিল্লা, আরএস খতিয়ান নং-৮৯৮, আরএস প্লট নং-৭, ৯, ১০, ১২, ৩২৩, পিএস খতিয়ান নং-৩, পিএস প্লট নং-৪, ৬, ৮, ৮/৬২ বিএস খতিয়ান নং-১৪৫, বিএস প্লট নং-৮০৩, ৮০৪, ৮০৭ জায়গার পরিমাণ ১৪.৭৫ শতক জমি হইতে ০৮.৮৫ শতক অবিভক্ত অচিহ্নিত জায়গা ও তদস্থিত ৯তলা বিশিষ্ট আবাসিক ও বাণিজ্যিক ভবনের ৬৫% ফ্ল্যাট ও কার পার্কিং হইতে অবমুক্তকৃত ২য় ও তৃয় তলা ও ৪টি ফ্ল্যাট ও তৎসংশ্লিষ্ট জায়গার পরিমাণ ৩.২০২ শতক বাদে ৫.৬৪৮ শতক জায়গা ও তৎসংশ্লিষ্ট ৮টি ফ্ল্যাট যথাক্রমে ৪এ, ৪বি, ৪সি, ৫বি, ৭বি, ৭সি, ৮বি, ৯এ ও ১ম তলার ৮টি দোকান ঘর।

দরপত্রের শর্তাবলী ৪-

- ১। দরপত্র আগামী ২৬/০৬/২০১৯ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রামে রাস্কিত টেক্সার বাস্তে জমা প্রদান অথবা রেজিস্ট্রি কৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে। ঐদিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিতি থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদশাখার অনুকূলে দরপত্রের সাহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নববই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনে ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা।